গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.৪০.০০১.১৫. ১২

তারিখঃ ২৮ পৌষ ১৪২৭
১২ জানুয়ারি ২০২২

বিষয়ঃ সিনেমা হল মালিকদের স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) গঠন প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের ১৪ ডিসেম্বর ২০২১ তারিখের বিআরপিডি (এফআই) ২০৭ (বিবিধ)/২০২১-১১৬৬৪ সংখ্যক স্মারক।

মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন অনুযায়ী চলচ্চিত্র শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে দেশের বিদ্যমান সিনেমা হলগুলো সংস্কার ও আধুনিকায়ন এবং নতুন সিনেমা হল নির্মাণের উদ্দেশ্যে হল মালিকদের স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের আওতায় ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৪ মূলে ১০০০ (এক হাজার) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কীম গঠন করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত স্কীমের আওতায় নতুন সিনেমা হল/সিনেপ্লেক্স নির্মাণের জন্য ঋণের সর্বোচ্চ সীমা ৫(পাঁচ) কোটি টাকা থেকে ১০(দশ) কোটি টাকায় উন্নীত করে বাংলাদেশ ব্যাংক সার্কুলার জারি করেছে (কপি সংযুক্ত)। বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত সার্কুলার সিনেমা হল মালিক/প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail : sas.film@moi.gov.bd

প্রাপক:

০১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা (চলচ্চিত্র সংশ্লিষ্ট সমিতিগুলোকে অবহিত করার সদয় অনুরোধসহ)।
০২। জেলা প্রশাসক (সকল)....................................................................................।
০৩। সিস্টেম অ্যানালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। জেলা তথ্য অফিসার (সকল)........................................................................।
০৫। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা..............................................।

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

MUJIB মুজিব শতবর্ষ 100

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

সূত্রঃ বিআরপিডি(এফআই)২০৭(বিবিধ)/২০২১- ৯১৮৬৪

তারিখঃ ১৪ডিসেম্বর, ২০২১

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০ ।

দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ সাইফুল ইসলাম, উপসচিব, চলচ্চিত্র-১ শাখা।

প্রিয় মহোদয়,

**চলচ্চিত্র শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে বিদ্যমান সিনেমা হলগুলো সংস্কার ও আধুনিকায়ন এবং নতুন সিনেমা হল নির্মাণের উদ্দেশ্যে সিনেমা হল মালিকদের স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) গঠন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের ১৩/১০/২০২১ তারিখের স্মারক নং- ১৫.০০.০০০০. ০২৭.৪০.০০১.১৫.২৭৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। প্রসঙ্গত উল্লেখ্য, চলচ্চিত্র শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে বিদ্যমান সিনেমা হলগুলো সংস্কার ও আধুনিকায়ন এবং নতুন সিনেমা হল নির্মাণের উদ্দেশ্যে সিনেমা হল মালিকদের স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) গঠন প্রসঙ্গে বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখ-১৪ ফেব্রুয়ারি, ২০২১ জারি করা হয়।

০৩। এক্ষণে, আপনাদের ১৩/১০/২০২১ তারিখের উল্লিখিত পত্রের প্রেক্ষিতে বাংলাদেশের আবহমান সংস্কৃতি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রেখে দর্শকদেরকে সুস্থধারার বিনোদনে আকৃষ্ট করার লক্ষ্যে দেশব্যাপী বিদ্যমান সিনেমা হল/সিনেপ্লেক্স সংস্কার ও নতুন নতুন সিনেমা হল/সিনেপ্লেক্স নির্মাণের উদ্দেশ্যে গঠিত পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় স্বল্পসুদে বিতরণযোগ্য ঋণের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে বিআরপিডি সার্কুলার নং- ০৪/২০২১ এর ৪নং অনুচ্ছেদ প্রতিস্থাপনকরতঃ বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৯, তারিখ-০৯ ডিসেম্বর, ২০২১ জারি করা হয়েছে, যা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫২

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রঃ ও চঃ) এর দপ্তর
ডায়েরী নং: ৯৭ তারিখ: ২২/১২
যুগ্মসচিব (প্রঃ/চঃ)/(বাজেট)
উপসচিব (প্রঃ১/প্রঃ২/প্রঃ৩)/ আইন কর্মকর্তা
সিস্টেম অ্যানালিস্ট
ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব (প্রঃ ও চঃ)

২০৬ ২২/১২/২১
যুগ্মসচিব (প্রশাসন)

২৩/১২/২০২১

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৯

০৯ ডিসেম্বর, ২০২১
তারিখঃ--------------------
২৪ অগ্রহায়ণ, ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**চলচ্চিত্র শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে বিদ্যমান সিনেমা হলগুলো সংস্কার ও আধুনিকায়ন এবং নতুন সিনেমা হল নির্মাণের উদ্দেশ্যে স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) গঠন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের ৪নং অনুচ্ছেদে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয় যে,"ব্যাংকিং নিয়মাচার অনুসরণপূর্বক প্রত্যেক গ্রাহককে প্রতিটি সিনেমা হল এর জন্য ঋণ/বিনিয়োগ সুবিধার প্রাপ্যতা যুক্তিযুক্তভাবে অর্থায়নকারী ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে। তবে, তা কোনভাবেই প্রতিটি সিনেমা হলের বিপরীতে ৫.০০ (পাঁচ) কোটি টাকার অধিক হবে না।"

০২। বাংলাদেশের আবহমান সংস্কৃতি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রেখে দর্শকদেরকে সুস্থধারার বিনোদনে আকৃষ্ট করার লক্ষ্যে দেশব্যাপী বিদ্যমান সিনেমা হল/সিনেপ্লেক্স সংস্কার ও নতুন নতুন সিনেমা হল/সিনেপ্লেক্স নির্মাণের উদ্দেশ্যে গঠিত পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় স্বল্পসুদে বিতরণযোগ্য ঋণের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে বিআরপিডি সার্কুলার নং- ০৪/২০২১ এর ৪নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

৪. **পুনঃঅর্থায়ন সুবিধার প্রাপ্যতা ও সর্বোচ্চ সীমাঃ** ঋণ বিতরণ বিষয়ক যাবতীয় ব্যাংকিং নিয়মাচার অনুসরণপূর্বক প্রতিটি সিনেমা হল/সিনেপ্লেক্স এর অনুকূলে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় নিম্নোক্ত শর্তসমূহের পরিপালন নিশ্চিত করে যুক্তিযুক্তভাবে অর্থায়নকারী বাণিজ্যিক ব্যাংক বিতরণযোগ্য ঋণের পরিমাণ নির্ধারণ করবে ঃ

(ক) নতুন সিনেমা হল নির্মাণ এবং বিদ্যমান সিনেমা হল সংস্কার ও আধুনিকায়নের ক্ষেত্রে অত্র স্কীমের আওতায় সর্বোচ্চ ১০(দশ) কোটি টাকা ঋণ সুবিধা পাওয়া যাবে।

(খ) একই ভবনে একটি কোম্পানী/ব্যক্তি মালিকানাধীন (একক বা যৌথভাবে) সিনেপ্লেক্স যতসংখ্যক স্ক্রিনবিশিষ্ট হোক না কেন তা আলোচ্য পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ প্রাপ্তির ক্ষেত্রে "একটি ইউনিট" হিসেবে বিবেচিত হবে। এরূপ নতুন "একটি ইউনিট" স্থাপনের ক্ষেত্রে সর্বোচ্চ ১০(দশ) কোটি টাকা এবং বিদ্যমান "একটি ইউনিট" সংস্কারের ক্ষেত্রে সর্বোচ্চ ৫(পাঁচ) কোটি টাকা ঋণ সুবিধা প্রাপ্য হবে।

(গ) তবে ঋণ প্রদানের পূর্বে যাচিত ঋণ চাহিদার বিষয় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক পর্যালোচনান্তে নিশ্চিত হতে হবে।

(ঘ) আলোচ্য পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে একটি সিনেমা হল/সিনেপ্লেক্স এর আসন সংখ্যা ন্যূনতম ১০০(একশত) হতে হবে।

(ঙ) ভাড়াকৃত/ইজারাকৃত স্থাপনায় বিদ্যমান/নির্মিতব্য সিনেমা হল/সিনেপ্লেক্স এর মালিকপক্ষের সাথে ভবন মালিকের ভাড়া/ইজারা চুক্তির মেয়াদ প্রদেয় ঋণ পরিশোধের জন্য নির্ধারিত মেয়াদের চেয়ে কমপক্ষে ৫(পাঁচ) বছর বেশি হতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো ।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫২